# পিপিএ’২০০৬ ও পিপিআর’২০০৮ এর অধিকতর সংশোধনীর (২০১৬ সনে আনীত) প্রেক্ষিতে উল্লেখযোগ্য পরিবর্তনসমূহ

<table>
<tr><th>পাবলিক প্রকিউরমেন্ট আইন’২০০৬</th><th>পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা’২০০৮</th></tr>
<tr><td>ধারা ২(১৬), ২(২৪), ২(২৬) ও ২(৩৩)<br>✓ “পণ্য”, “বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা”, “ভৌত সেবা” এবং “সরকারী তহবিলে”র সংজ্ঞার পরিবর্তন।<br>✓ “আউটসোর্সিং”-কে ভৌত সেবা হিসাবে অন্তর্ভুক্তকরণ।</td><td>বিধি ২(৩০), ২(৪২), ২(৪৩) ও ২(৫১)<br>-ঐ-<br>(সংজ্ঞা বিস্তারিতঃ পৃষ্ঠা নং-৪)</td></tr>
<tr><td colspan="2">দরপত্র প্রক্রিয়া (Goods & Works) বিষয়ক পরিবর্তন</td></tr>
<tr><td>ধারা ১৯(১ক), ২৬(১) ও ৪১(১)(ক)<br>✓ সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অভ্যন্তরীন কার্য ক্রয়ের ক্ষেত্রে দাপ্তরিক প্রাক্কলন উল্লেখ করা, দরদাতাদের অফিসিয়াল দরের তুলনায় ±৫% এর মধ্যে দর দাখিলের বাধ্যবাধকতা ও মূল্যায়নে লটারীর প্রয়োগ এবং দরদাতাদের অভিজ্ঞতার ক্ষেত্রে শিথিলতা আরোপ করার বিষয়ে ইতোপূর্বে উল্লেখিত আর্থিক সীমা ২(দুই) কোটির স্থলে ৩(তিন) কোটি টাকা নির্ধারণ।</td><td>বিধি ৪(২)(কক)<br>-ঐ-</td></tr>
<tr><td>ধারা-৩১<br>✓ উন্মুক্ত দরপত্র পদ্ধতির (OTM) আওতায় অভ্যন্তরীন কার্য ক্রয়ের ক্ষেত্রে দরদাতা কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের তুলনায় ±১০% এর মধ্যে দর দাখিলের বাধ্যবাধকতা আরোপ। এর অন্যথায় দরপত্র বাতিল।<br>✓ দরপত্রে মূল্য সমতার ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মূল্যায়ন ও কৃতকার্য দরদাতা নির্বাচন করতে হবে। কিন্তু লটারীর প্রয়োগ করা যাবে না।</td><td>বিধি ৪(৩)(চচ)<br>✓ দরপত্র দলিলের শর্ত হিসাবে ক্রয়কারীকে চুক্তি বাস্তবায়নে দরদাতার সক্ষমতা (Tender Capacity) সংক্রান্ত Clause ও ফরমূলা উল্লেখ করতে হবে।<br>বিধি ১৬(৫ক) ও (৫খ)<br>✓ উন্নয়ন/রাজস্ব বাজেট নির্বিশেষে দরপত্র/প্রস্তাব দলিল প্রস্তত বা আহ্বানের পূর্বে ক্রয়কারী নিজে এবং অন্য দপ্তরের প্রতিনিধিসহ তিন সদস্যের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে কোন নির্দিষ্ট ক্রয়ের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তত করবে।<br>✓ দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় যথাযথভাবে অনুমোদনপূর্বক অনুমোদনকারী ও উল্লেখিত সকল কমিটির সদস্যদের স্বাক্ষরসহ সীলগালা করে রাখতে হবে (LTM (NCT) এর ক্ষেত্র ব্যতীত) এবং তা দরপত্র উন্মুক্তকরণ কমিটির নিকট দরপত্র উন্মুক্তকরণের সময় হস্তান্তর করতে হবে।<br>বিধি ১৭(২ক)<br>✓ প্যাকেজ/লটের ক্ষেত্রে দরপত্রদাতা শতকরা হারে মূল্যছাড় (Discount) প্রদান করতে পারবেন।<br>বিধি ২১(১)<br>✓ দরপত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ২(দুই) বার বৃদ্ধি করা যাবে।<br>বিধি ২৭(২)<br>✓ ফ্রন্ট লোডিং এর কারণে দরপত্রে ভারসাম্যহীনতার সৃষ্টি হলে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক চুক্তিমূল্যের সর্বাধিক ২৫% পর্যন্ত কার্যসম্পাদন জামানত বৃদ্ধির সুপারিশ অনুযায়ী ক্রয়কারী তা বৃদ্ধি করবেন।<br>বিধি ৩৬(১ক)<br>✓ অনুমোদনকারী কর্তৃপক্ষের জন্য ক্রয় প্রস্তাবের সাথে ক্রয়কারী এবং দরপত্র মূল্যায়ন কমিটিকে পৃথক ২টি ঘোষণা প্রদান করতে হবে।<br>● ক্রয়কারীর ঘোষনাঃ "সংশ্লিষ্ট ক্রয়ের ক্ষেত্রে বিধি ১৬ এর উপ-বিধি (৫ক) অনুসরণে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুত করা হইয়াছে"।<br>● দরপত্র মূল্যায়ন কমিটির ঘোষনাঃ "দরপত্র মূল্যায়নে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের সহিত সর্বনিম্ন মূল্যায়িত দর সামঞ্জস্যপূর্ণ কি না উহা যৌক্তিকতাসহ নিশ্চিত করা হইয়াছে"।</td></tr>
</table>

| পাবলিক প্রকিউরমেন্ট আইন'২০০৬ | পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা'২০০৮ |
|---|---|
| | বিধি ৯০(২)(গ)<br>✓ দাপ্তরিক প্রাক্কলিত মূল্য ৫০.০ লক্ষ টাকার উর্ধ্বে এরূপ দরপত্রের ক্ষেত্রে ঢাকার বাইরে কার্যরত ক্রয়কারীকে জাতীয় পত্রিকার পাশাপাশি ১টি স্থানীয় পত্রিকায় ১ দিনের জন্য দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।<br>বিধি ৯৮(২) ও ৯৮(২ক)<br>✓ উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীন কার্য ক্রয়ে দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে ইতোপূর্বে বিধিতে নির্দেশিত প্রক্রিয়া প্রয়োগের পূর্বে দরপত্র দলিলে চাহিত নির্ণায়কের অতিরিক্ত হিসাবে তার অতীত (বিগত ৫ বৎসরের) কার্য সম্পাদন সংক্রান্ত আরো ৭টি বিষয় (যথাঃ Litigation, Debar, Termination of Incomplete Contract for Poor Performance, Time Extension, Liquidity Damages, Extension of Defect Liability Period, Insolvent or Bankrupt) বিবেচনায় নিতে হবে। এ সকল নির্ণায়কসমূহের জন্য আদর্শ দরপত্র দলিলে পয়েন্ট বন্টন করা হয়েছে। |
| ধারা ৩৩(ঋ)<br>✓ দরপত্র দলিলে পণ্য ও কার্যের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে দেশীয় অগ্রাধিকার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিধি ২২(২)<br>✓ আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে দেশীয় দরপত্রদাতারা দরপত্রের সাথে দরপত্র জামানত হিসাবে দেশীয় যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক গ্যারান্টি দাখিল করতে পারবে। |
| ধারা ৩৪<br>✓ দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতি (TSTM) প্রয়োগযোগ্য না হলে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি (OSTETM) প্রয়োগ করা যাবে। | বিধি ৮৪(ক), (খ), (গ) ও (ঘ)<br>✓ আন্তর্জাতিক ক্রয়ের ক্ষেত্রে একধাপ দুই খাম দরপত্র পদ্ধতি (OSTETM) প্রয়োগের শর্ত, প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী, উক্ত পদ্ধতির কারিগরী ও আর্থিক প্রস্তাব উম্মুক্তকরণ ও মূল্যায়ন প্রক্রিয়া ইত্যাদি সন্নিবেশিত হয়েছে। |
| **চুক্তি বাস্তবায়ন (Contract Management) বিষয়ক পরিবর্তন** | |
| | বিধি ৩৯(২৭ক)<br>✓ যুক্তিসঙ্গত কারণে চুক্তি বাস্তবায়নের সময় বৃদ্ধির ক্ষেত্রে কোন Liquidated Damage আরোপ করা যাবে না। |
| | বিধি ৪০(৩ক) ও (৩খ) এবং ৪১(২) ও (৩)<br>✓ ক্রয়কারী কর্তৃক পণ্য ও সেবার ক্ষেত্রে যথাক্রমে প্রত্যাশিত সরবরাহ সমাপ্তির তারিখ ও প্রত্যাশিত সেবা সমাপ্তির তারিখ সম্প্রসারণের ক্ষমতা মূল সময়সীমার ২০% পর্যন্ত এবং এর বেশী হলে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার (AO) অনুমোদন প্রয়োজন হবে। এছাড়া সময় সম্প্রসারণের সিদ্ধান্ত প্রদান করতে হবে আবেদনপ্রাপ্তির ২১(একুশ) দিনের মধ্যে (যা ইতোপূর্বে বিধিতে নির্ধারিত কার্য চুক্তির অনুরূপ)। |
| ধারা ৬৪<br>✓ ক্রয়কারীর সাথে সম্পাদিত চুক্তির মৌলিক শর্ত (Fundamental Breach of Contract) ভঙ্গ করলে বা আইন ও বিধির সাথে অসঙ্গতিপূর্ণ কার্য সম্পাদন করার কারণে ক্রয়কারী চুক্তি বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট ঠিকাদার/সরবরাহকারী/পরামর্শককে নির্ধারিত মেয়াদে সকল সরকারী ক্রয় কার্যক্রমে অযোগ্য বলে ঘোষণা করতে পারবেন। | বিধি ১২৭(২)(খ) ও ১২৭ (৪)(গ)<br>✓ চুক্তির মৌলিক শর্ত ভঙ্গকে "প্রতারণামূলক কার্য" এর অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>✓ কোন নির্দিষ্ট বা অনির্দিষ্ট মেয়াদের জন্য অযোগ্য ঘোষনার ক্ষেত্রে ক্রয়কারীকে তাহার এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে অংশগ্রহণের অযোগ্য ঘোষনা করতে হবে।<br>✓ চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করার কারণে চুক্তি বাতিল হলে ক্রয়কারী নিজস্ব বিবেচনায় সংশ্লিষ্ট ঠিকাদার/সরবরাহকারী/পরামর্শককে HOPE-এর অনুমোদনক্রমে ১ হতে ২ বৎসরের জন্য নিজের ও অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে অংশগ্রহণের ক্ষেত্রে অযোগ্য ঘোষণা করতে পারবেন। |

<table>
<tr><th>পাবলিক প্রকিউরমেন্ট আইন'২০০৬</th><th>পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা'২০০৮</th></tr>
<tr><td colspan="2">প্রস্তাব প্রক্রিয়া (Service) বিষয়ক পরিবর্তন</td></tr>
<tr><td>ধারা ১৪(ঘ)<br>✓ পরামর্শকের সাথে চুক্তি সম্পাদনের ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কার্য সম্পাদন জামানত (Performance Secutiry) আরোপ করা যাইতে পারে।</td><td>বিধি ২৭(১০), ২৭(১১) ও ১২৫(২)<br>✓ পরামর্শকের ক্ষেত্রে কার্য সম্পাদন জামানতের পরিমাণ চুক্তিমূল্যের সর্বাধিক ৩%-৫%।<br>✓ ব্যক্তি পরামর্শকের ক্ষেত্রে কার্য সম্পাদন জামানত আরোপ করা যাবে না।</td></tr>
<tr><th>পাবলিক প্রকিউরমেন্ট আইন'২০০৬</th><th>পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা'২০০৮</th></tr>
<tr><td>ধারা ৬৩<br>✓ প্রস্তাব প্রক্রিয়ার পরিসমাপ্তিতে ক্রয়কারী কৃতকার্য পরামর্শকের সাথে চুক্তি স্বাক্ষরের পর সকল অকৃতকার্য পরামর্শককে লিখিতভাবে বিষয়টি অবহিত করবেন।</td><td></td></tr>
<tr><td></td><td>বিধি ১০৪(ঘ)(২)(ঈ) ও ১১০(৬ক)<br>✓ সরকারী মালিকানাধীন বা বিশেষায়িত কোন সেবা প্রদানকারী যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠান হতে প্রক্রিয়া গ্রহণের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় করা যাবে।<br>✓ সরকারী মালিকানাধীন বা বিশেষায়িত কোন সেবা প্রদানকারী যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠানকে (যথাঃ BUET, BIDS, BPATC, BIM, BIAM, ESCB, IIFC ইত্যাদি) পরামর্শক হিসাবে একক উৎসভিত্তিক পরামর্শক নির্বাচন (SSS) পদ্ধতি প্রয়োগ করে সরাসরি নিয়োগ করা যাবে।</td></tr>
<tr><td></td><td>বিধি ১১৭(২৪)(খ)<br>✓ পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে মান (Quality) ও মূল্যের (Cost) অনুপাত যথাক্রমে ৯০ (নব্বই) ও ১০ (দশ) নির্ধারণ করার ক্ষেত্রে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে।</td></tr>
<tr><td colspan="2">তফসিল-২ এ বিভিন্ন আর্থিক মূল্যসীমার পরিবর্তন</td></tr>
<tr><td colspan="2">তফসিল-২; বিধি ৮(১৫)<br>✓ মূল্যায়ন কমিটির সদস্য ও কারিগরী সাব-কমিটির সদস্যদের ফি বা সম্মানী বৃদ্ধি করা হয়েছে। বিভিন্ন ধরনের ক্রয়ের মূল্যসীমা বিবেচনায় প্রতি সভার (TEC/PEC-এর ক্ষেত্রে সর্বোচ্চ ৩টি ও TSC-এর ক্ষেত্রে সর্বোচ্চ ২টি সভা) জন্য সদস্য প্রতি বর্তমানে সর্বনিম্ন ফি ৬০০/- ও সর্বোচ্চ ৩০০০/- টাকা।<br>✓ উন্মুক্তকরণ কমিটির সদস্যরা ইতোপূর্বে সংশোধিত বিধি অনুযায়ী মূল্যায়ন কমিটির সদস্যদের ন্যায় নির্ধারিত হারে সম্মানী পাবেন।</td></tr>
<tr><td colspan="2">তফসিল-২; বিধি ২২(১)<br>✓ কার্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র জামানত হিসাবে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল সংক্রান্ত মূল্যসীমা ৩(তিন) কোটি টাকা পর্যন্ত।</td></tr>
<tr><td colspan="2">তফসিল-২; বিধি ৬৯(১), ৬৯(৬)(ক) ও (গ)<br>✓ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনের ক্ষেত্রে আর্থিক মূল্যসীমা পরিবর্তন<br>● রাজস্ব বাজেটের আওতায়-<br>○ পণ্য ও সংশ্লিষ্ট সেবার ক্ষেত্রে-প্রতি ক্ষেত্রে অনধিক ৩(তিন) লক্ষ টাকা, বৎসরে সর্বোচ্চ ১৫(পনের) লক্ষ টাকা।<br>○ কার্য ও ভৌত সেবার ক্ষেত্রে-প্রতি ক্ষেত্রে অনধিক ৬(ছয়) লক্ষ টাকা, বৎসরে সর্বোচ্চ ২৫(পঁচিশ) লক্ষ টাকা।<br>● উন্নয়ন বাজেটের আওতায়-<br>○ পণ্য ও সংশ্লিষ্ট সেবার ক্ষেত্রে-প্রতি ক্ষেত্রে অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা, বৎসরে সর্বোচ্চ ৩০(ত্রিশ) লক্ষ টাকা।<br>○ কার্য ও ভৌত সেবার ক্ষেত্রে-প্রতি ক্ষেত্রে অনধিক ১০(দশ) লক্ষ টাকা, বৎসরে সর্বোচ্চ ৬০(ষাট) লক্ষ টাকা।</td></tr>
<tr><td colspan="2">তফসিল-২; বিধি ৭৬(১)(ঞ) ও (ট)<br>✓ সরাসরি চুক্তির আওতায় জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় পণ্য, কার্য ও সেবা ক্রয়ের মূল্যসীমা পরিবর্তন এবং উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় মূল্যসীমা নির্ধারণ করা হয়েছে।</td></tr>
<tr><td colspan="2">তফসিল-২; বিধি ৮১<br>✓ সরাসরি নগদ ক্রয়ের ক্ষেত্রে, প্রতি ক্ষেত্রে ক্রয়ের মূল্যসীমা অপরিবর্তিত (২৫,০০০/-) রয়েছে তবে বর্তমানে তা বৎসরে অনধিক ১০(দশ) লক্ষ টাকা করা হয়েছে।</td></tr>
<tr><td colspan="2">তফসিল-২; বিধি ৮২<br>✓ ফোর্স একাউন্ট এর অধীন বাৎসরিক মোট ক্রয়ের পরিমাণ বর্তমানে প্রতিটি ক্ষেত্রে অনধিক ৩(তিন) লক্ষ টাকা করা হয়েছে।</td></tr>
</table>

তফসিল-২; বিধি ১০৪(ঘ)(২)(আ)

✓ একক উৎসভিত্তিক পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে ক্ষুদ্র ব্যপ্তির কাজের মূল্যসীমা পরিবর্তন করা হয়েছে-

- পরামর্শক প্রতিষ্ঠানের ক্ষেত্রে সর্বাধিক ২০(বিশ) লক্ষ টাকা।
- ব্যক্তি পরামর্শকের ক্ষেত্রে সর্বাধিক ১০(দশ) লক্ষ টাকা।

## নমুনা পরিবর্তন ও Flow Chart সংযোজন

তফসিল-৩; অংশ-খখ

✓ Open Tendering Method (NCT Method)-এর জন্য নূতন একটি Flow Chart সংযোজন।

তফসিল-৭

✓ Notification of Award (Goods or Works) এর নমূনা কিছুটা পরিবর্তন।

তফসিল-১২

✓ Tender Submission Form-Individual ও Joint Venture-এর নমূনা পরিবর্তন।

তফসিল-১৪

✓ "সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সার সংক্ষেপ"এর নমূনা পরিবর্তন।

## পরিবর্তিত সংজ্ঞাসমূহ

ধারা ২(১৬), ২(২৪), ২(২৬) ও ২(৩৩) এবং বিধি ২(৩০), ২(৪২), ২(৪৩) ও ২(৫১)

**"পণ্য"** অর্থ কাঁচামাল, উৎপাদিত পণ্যদ্রব্য ও যন্ত্রপাতি এবং কঠিন, তরল বা বায়বীয় আকারে পণ্যদ্রব্য, বিদ্যুৎ, প্রস্তুতকৃত কম্পিউটার সফটওয়্যার (off-the-shelf) ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার এবং পণ্য সংশ্লিষ্ট সেবা, যদি উহার মূল্য পণ্যের মূল্য অপেক্ষা অধিক না হয়;"

**"বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা"** অর্থ বুদ্ধিবৃত্তিক অথবা পেশাগত বিষয়ে চুক্তিতে বর্ণিত মতে পরামর্শক কর্তৃক পরামর্শ প্রদান, বা কোন কম্পিউটার সফটওয়্যার ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার প্রস্তুতকরণ, বা ডিজাইন প্রণয়ন, বা কাজের তত্ত্বাবধান বা ব্যবহারিক জ্ঞান হস্তান্তর বিষয়ক সেবা, এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোন বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা;"

**"ভৌত সেবা"** অর্থ

(ক) পণ্য সরবরাহ বা কার্য সম্পাদনের সহিত সম্পর্কিত সুযোগ-সুবিধা প্রদানকারী উপকরণাদি বা কোন প্রতিষ্ঠানের ভবন ও সরঞ্জাম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বা জরিপ বা অনুসন্ধানমূলক খননকার্য; বা

(খ) নিরাপত্তা সেবা, পরিবেশন সেবা, ভূতত্ত্ব বিষয়ক সেবা বা একক সেবাদানমূলক চুক্তির অধীনে তৃতীয় পক্ষ প্রদত্ত কোন সেবা; বা

(গ) প্রাক-জাহাজীকরণ পরিদর্শন [Pre-Shipment Inspection (PSI)] এজেন্ট নিয়োগ, ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্ট নিয়োগ, পণ্য পরিবহন কাজ, ভাড়ায় যানবাহন সংগ্রহ, মালামাল পরিবহনের জন্য পরিবহন ঠিকাদার নিয়োগ বা বীমা ঝুঁকি; বা

(ঘ) আউটসোর্সিং (Out-Sourcing) এর মাধ্যমে ক্রয়কারী কর্তৃক সেবা গ্রহণের লক্ষ্যে আইনের অধীন নির্দিষ্টকৃত কোন সেবা বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোন সেবা;

ব্যাখ্যা: এই বিধিতে উল্লিখিত আউটসোর্সিং (Out-Sourcing) বলিতে এর মাধ্যমে সেবা গ্রহণের বিষয়টি সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত বিধিমালা বা নীতিমালা বা অনুরূপ কোন নির্দেশনাকে বঝাইবে।";

**"সরকারি তহবিল"** অর্থ সরকারি বাজেট হইতে ক্রয়কারীর অনুকূলে বরাদ্দকত অর্থ, অথবা কোন উন্নয়ন সহযোগী বা বিদেশি রাষ্ট্র বা সংস্থা কর্তৃক সরকারের মাধ্যমে ক্রয়কারীর অনুকূলে ন্যস্ত অনুদান ও ঋণ এবং আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারি, আধা-সরকারি বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত কোন সংবিধিব্ধ সংস্থার তহবিল;"